# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ দ্বীনের দাওয়াত

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মহিলা কি দাওয়াতের কাজ করতে পারে?

অবশ্যই। বরং অনেক ক্ষেত্রে দাওয়াতের কাজ ওয়াজেব। সৎকাজের আদেশ ও মন্দ কাজের নিষেধ যথাস্থানে জরুরী। ক্ষমতায় না পারলে মুখে উপদেশ দেওয়া নারী পুরুষ সকলের কর্তব্য। তবে মহিলা মহলে মহিলা দাঈ দাওয়াতের কাজে বেশি উপযুক্ত। বিশেষ করে মহিলা বিষয়ক সমস্যাবলীতে মহিলা বিশেষজ্ঞই বেশি উপকারী। তবে সর্বপ্রথম তার ইলম ও আমল সঠিক হতে হবে এবং দাওয়াতের কাজ করতে গিয়ে শরই কোন ওয়াজেব ত্যাগ অথবা কোন হারাম কাজ করে বসলে হবে না। দাওয়াতের জন্য স্বামী সন্তানের প্রতি কর্তব্য অবহেলা বাঞ্ছনীয় নয়। যেমন দাওয়াতের জন্য তার মাহরাম ছাড়া সফর এবং পর পুরুষের সাথে মেলামেশা বৈধ নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2297

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন